একসময় ছিল যখন পূর্বতন শিক্ষার্থীদের নিকট হতে পুরনো, ময়লা, ছেঁড়া, আধা ছেঁড়া– এ ধরনের পাঠ্যপুস্তক সংগ্রহ করে বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম পরিচালনা করানো হতো। আমি যদি শৈশব ও কৈশোরে ফিরে তাকাই তাহলে স্মরণ করতে পারি বছরের প্রথম ভাগেই পুরোদমে পড়াশোনা শুরু করার উদ্দেশ্যে সিনিয়র আপুদের কাছ থেকে পুরোনো, অনেকাংশে জরাজীর্ণ বই সংগ্রহ করতাম। বিনামূল্যে নতুন বই পাবার কথা চিন্তা করা যেত না। পহেলা জানুয়ারি বই বিতরণ করার তো প্রশ্নই ছিল না। বছর শুরুর ২/৩ মাস পর নতুন বই সংগ্রহ করা হতো; তাও আবার অর্ধেক নতুন বই ও অর্ধেক পুরোনো বই। অর্থাৎ একটি শ্রেণিতে ৬টি বই থাকলে ৩টি নতুন বই ও ৩টি পুরাতন বই। এখন বছরের শেষ প্রান্তে বার্ষিক পরীক্ষায় অংশগ্রহণ করার পর পরই শিক্ষার্থীদের কল্পনায় আন্দোলিত করে নতুন বছরের প্রথম দিনটি। এ দিন তারা নতুন চাররঙা রঙিন বইগুলো হাতে পাবে। আর নতুন বইয়ের গন্ধ কার না ভালো লাগে! সব মিলিয়ে এ দিনটি প্রতিটি প্রতিষ্ঠানেই একটি উৎসবমুখর রূপ ধারণ করে। উল্লেখ্য কোভিড ১৯-এর মতো মহামারিতেও বই বিতরণ কার্যক্রম অব্যাহত ছিল। শিক্ষা প্রতিষ্ঠানের পাশাপাশি শিক্ষার্থীর বাড়ির আঙিনা উৎসবের স্থল হিসেবে পরিণত হয়।

প্রাথমিক ও মাধ্যমিক স্তরে শিক্ষা উন্নয়ন কর্মসূচির আওতায় অন্যতম কার্যক্রম বিনামূল্যে বই বিতরণ। বিশেষত সর্বজনীন প্রাথমিক শিক্ষা নিশ্চিত করতে প্রতি বছর প্রাথমিক বিদ্যালয়ের শিশুদের মধ্যে বিনামূল্যে বই বিতরণ করা হয়। লেখাপড়ায় শিশুদের মনোযোগ আকর্ষণে সাদা কালো বইয়ের পরিবর্তে

রঙিন বই সরবরাহ করা হচ্ছে। ছাত্রছাত্রীরা অনেক সময় বই না থাকার কারণে বিদ্যালয়ে ভর্তি হতে নিরুৎসাহিত হয়, নিয়মিত উপস্থিত হয় না ও একসময় দেখা যায় তারা ঝরে পড়ে। সবাইকে একসঙ্গে বিনামূল্যে বই দেওয়ায় শিক্ষার্থীদের মধ্যে বৈষম্য যেমন হ্রাস পেয়েছে তেমন শিক্ষার্থীর সংখ্যাও বৃদ্ধি পেয়েছে। ২০১৭ সাল হতে প্রাক-প্রাথমিক ও ক্ষুদ্র জনগোষ্ঠীর (৫টি ভাষায় রচিত তৃতীয় শ্রেণি পর্যন্ত) শিক্ষার্থীদের পাশাপাশি অন্ধ শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে বই দেয়া হচ্ছে। পাঠ্যপুস্তকগুলোতে আকর্ষণীয় রঙিন চিত্র ব্যবহার করায় শিক্ষকরা পাঠটিকে সহজ করে উপস্থাপন করতে পারছেন। এর ইতিবাচক প্রভাব ছাত্রছাত্রীদের মাঝে দেখা যায়। প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষায়প্রায় সকল প্রতিষ্ঠানেই দেখা যায় শতভাগ পাসের কাছাকাছি। এটা আমাদের সাফল্য ও অর্জন। এছাড়াও বিনামূল্যে বছরের প্রথম দিনেই পাঠ্যপুস্তক হাতে তুলে দেবার মাধ্যমে মানসম্মত শিক্ষা নিশ্চতকরণের লক্ষ্যে কিছু উদ্যোগ নেওয়া যেতে পারে: যেমন প্রমিত উচ্চারণ শেখানো, প্রতিদিন কমপক্ষে একটি করে বাংলা ও ইংরেজি শব্দ শেখা, বিভিন্ন বিষয়ে শিক্ষার্থীদের উপস্থিত বক্তৃতা, বিভিন্ন বিষয়ের উপর শিক্ষার্থীদের প্রবন্ধ/নিবন্ধ লেখার অনুশীলন করানো ইত্যাদি।

বাংলাদেশে বর্তমানে একদিনে বিশালসংখ্যক বই বিনামূল্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের হাতে তুলে দেয়ার ক্ষেত্রে বাংলাদেশ এক অনন্য দৃষ্টান্ত স্থাপন করেছে এবং যা বিশ্বে প্রথম। পৃথিবীতে আনুমানিক ১০০টি দেশ রয়েছে যার জনসংখ্যা বাংলাদেশের প্রাথমিক স্তরের শিশুদের মোট সংখ্যার চেয়ে কম। এই শিক্ষার্থীরাই আগামীর বাংলাদেশ। ২০৪১ সালের মধ্যে উন্নত ও স্মার্ট বাংলাদেশ গড়ার কারিগর। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, স্বাধীন বাংলার স্থপতি ও মহান মুক্তিযুদ্ধের মহানায়ক জাতির পিতা বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণে এই শিক্ষার্থীরাই হবে চালিকাশক্তি।

বিনামূল্যে এই বিতরণ কর্মসূচিকে একটি সামাজিক সুরক্ষা কর্মসূচি হিসেবে বিবেচনা করা যায়। আমরা জানি– জীবন, সমাজ, জাতি এবং বিশ্বকে সুখময় করে তুলতে বইয়ের ভূমিকা অপরিসীম। রবীন্দ্রনাথের ভাষায় বলতে হয়, একটি ভালো বই আত্মশুদ্ধির শ্রেষ্ঠ উপায়। আর আমাদের আত্মশুদ্ধির চর্চা শরু হোক কোমল শিশুকাল থেকেই। এই শুদ্ধ শিক্ষার্থী হবে আমাদের দেশের ভবিষ্যৎ। তারাই সৌম্য, সুন্দর, প্রশান্ত, মঙ্গলময় ও আলোকিত দেশ তথা পৃথিবী গড়ে তুলবে।

লেখক : যুগ্মসচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়

রূপকথার রূপায়নে

কাজী আবেদ হোসেন

যেদিন প্রথম বলেছিলাম, সেদিন ছিলাম শুধু একা, আর ধারণার বিপরীত প্রান্তে উপজেলার সকল মানুষ। উপজেলা মোহনগঞ্জ, নেত্রকোণা, আয়তন প্রায় ২৭৬ বর্গ কি.মি.; গ্রাম ২৬৮; ইউনিয়ন ৭টি, অধিবাসী প্রায় ৪ লক্ষ। কেবল প্রচ্ছন্ন মায়ায় নীরবে শক্তি দিয়েছিল কংস, শাপমারা নদী আর হাওড়ের অজস্র জলরাশি।

২০০৮ সালের মাঝামাঝিতে উপজেলা নির্বাহী অফিসার পদে যোগদানের পর দেখি হাওড়ে পানি ঢুকতে শুরু করেছে। বৃষ্টিধৌত ঘাসছোঁয়া জলের ভাঁজে ভাঁজে কেবল পোনা ছেড়েছে দেশি মাছগুলো। ভোরবেলা ডিঙ্গাপোতা হাওড়ের ১২ বর্গ কি.মি. ছেয়ে গিয়েছে মানুষে মানুষে। সবার ব্রত একটাই– শীত-চৈত্রে শুকানো পানিতে অজস্র নির্যাতনের পরও যে ক'টা মাছ বেঁচে আছে তার বংশ নিধন করা। ভাবলাম– সারাবছর নানা ফাঁদে ধরা হচ্ছে মাছ, নদী-জলাধারের সংখ্যা, আয়তন আর গভীরতা কমছে;

বাড়ছে পানি দূষণ, তার উপর শুষ্ক মৌসুমে কমছে পানি। সে পানিতে সেচ, বিষ দিয়ে হলেও ধরা হচ্ছে অবশেষেরগুলোকে। পানি শুকানোর পরও কাঁদার অনতিতলে যে ক'টা মাছ থাকে, তাকেও বের করা হচ্ছে নানা কূটকৌশলে। এতে দ্রুত শেষ হয়ে যাবে দেশি মাছ, লক্ষ কোটি জেলে হবে নিঃস্ব; নিরুপায় জেলে দিনভর কষ্টে মাছ পাবে না– পেলেও তার পরিবার তা খেতে পাবে না। যে ক'টা বিরল বা বড় মাছ থাকবে তা যাবে বড়দের ঘরে, মাছে-ভাতে বাঙালিকে নিয়ে জাতির পিতার সোনার বাংলার স্বপ্ন ব্যাহত হবে। কেবল ফুল দিয়ে নয়, দৃশ্যমান কিছু করে শ্রদ্ধা নিবেদন করতে হবে। ভিতরের কোনো অস্থির তাড়ণা থেকেই হাওড় পাড়ে আহ্বান জানালাম– আসুন প্রজনন মৌসুমে মাছ না ধরি। গ্রামের পর গ্রামে অহর্নিশ সভা করে বলেছিলাম ক'টি কথা:

– আজ না ধরলে তিন মাসে একটি মাছ থেকে তিন লক্ষ হবে;
– একটার দাম দশ টাকা হলে, পাওয়া যাবে তিন লক্ষটা দশ টাকা;
– আজ একটা মাছ একজন খেতে পারেন, ওকে সন্তান দিতে দিন; এ একটি মাছের পোনা বড় হলে খেতে পারবেন তিন লক্ষ মানুষ।

তাকিয়ে থাকত জেলে আর যত সাধারণজন। ভাবিনি শুনবেন সবাই– পেশাজীবী, সাংবাদিক, রাজনীতিবিদ, সুশীল সমাজ। বিশেষত সম্মানিত জেলে আর কৃষক, কারণ নিভৃত জনপদে প্রান্তিক কৃষকরা প্রান্তিক জেলেও বটে।

যেন রূপকথার রূপায়ন হলো। আমার ডাক ছুঁয়ে গেল অবাক চোখের চোখে, নিভৃত সবুজে, ঘাসফুলে, নোলকপড়া তরঙ্গমালায়। পরবর্তী বছরগুলোতে পহেলা বৈশাখে কেউই ইলিশ খেলনা। বরং দেশের ঐতিহ্যের প্রতি দৃশ্যমান ভালবাসা জানাতে পহেলা বৈশাখ থেকে ৩০শে আষাঢ় পর্যন্ত কোনো মাছ ধরল না কেউ। পাঁচ-ছয় গুণ বাড়ল উৎপাদন। পায়ে স্পর্শ করে, ভেসে বেড়ায় জলপ্রজাতির মত অসংখ্য মাছ। মাছের সাথে উৎপাদন বাড়ল শামুক-ঝিনুক-শাপলা-শালুকের, ফিরে এলো প্রায় ২০ প্রজাতির বিলুপ্তপ্রায় মাছ, জলীয় প্রতিবেশ ব্যবস্থা (Aquatic ecosystem), ফিরে এলো সমৃদ্ধ সোনালি শৈশব। প্রায় ৫০

হাজার জেলে পরিবারের দৈনিক আয় ১৫০-২০০ টাকা থেকে বাড়ল ৮০০-১০০০ টাকায়। হায়রে আমার মন মাতানো দেশ, হায়রে আমার সোনা ফলা মাটি। জলমাখা জেলের হাসির ঝিলিক যেন বিচ্ছুরিত হলো জল আর আকাশের মিলনরেখায়।

সরকারের কোন অর্থ ব্যয় করিনি। মোবাইল কোর্ট পরিচালনারও প্রয়োজন হয়নি। প্রয়োজন হয়েছে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারি, এনজিও ও অন্যান্য বেসরকারি সংস্থা, মৎস্য ব্যবসায়ী, আড়তদার, জাল ও সুতা ব্যবসায়ী, সাংবাদিক, ভোক্তা, জেলে আর সাধারণ মানুষকে দেশপ্রেমের একই সুতোয় গাঁথা। অজানা এক আশঙ্কায় ডুবে থাকত আমার শত্রু মন। সফল না হলে কেমন দেখাবে আমার কাপুরুষোচিত চেহারাটা! প্রশাসনই বা কীভাবে নেবে কাজগুলোকে; একটা বিভ্রাট বা বিচ্যুতি হলে কীভাবে দাঁড়াব ঊর্ধ্বতন কর্তৃপক্ষের সামনে।

সাহস পেলাম, যেদিন প্রথম আলো পত্রিকায় প্রথম খবর বেরুলো, আর পরদিন সম্পাদকীয়। একে একে প্রায় সব জাতীয় আর স্থানীয় পত্রিকায়। জনাব মীর এমদাদ আলীর এটিএন বাংলার সোনালী দিন অনুষ্ঠান, আরো মিডিয়ার অনুষ্ঠানে; শক্তি পেলাম জনাব শাইখ সিরাজ, মুন্নী সাহা প্রমুখ প্রতিশ্রুতিশীল সাংবাদিকের প্রচারণায়। ভাবিনি মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় 'ধন্যবাদ জ্ঞাপন' পত্র দিবেন। সরকার ও বিশ্বব্যাংকসহ বিশ্বের প্রায় ১১টি সংস্থা যৌথভাবে ক্রোড়পত্র প্রকাশ করল। Dissemination of Good Practice প্রকল্প নিয়ে জেলায় জেলায় সেমিনারে মডেলটি তুলে ধরার সুযোগ দেয়ায় মন্ত্রণালয়ের প্রতি কৃতজ্ঞ। কৃতজ্ঞ এটিএন বাংলা চ্যানেল-এর প্রতি– একটি অনুষ্ঠানে Man of the year বিবেচনায়। অসীম ঔদার্যে মাননীয় প্রধানমন্ত্রী ২০০৯ সালে জাতীয় স্বর্ণপদক ও সনদ দিয়ে চিরকৃতজ্ঞ করলেন। ২০১০ সাল থেকে আরও দু'বছর কুড়িগ্রাম সদর উপজেলায় একই ধারায় একই অভিযাত্রায়– ব্রহ্মপুত্র, দুধকুমার, কুলকুমার, ধরলা নদীময়। আর একলা চলতে হয়নি, ডাক শুনে এসেছে আরো ৫ লক্ষ মানুষ।

তৎকালীন সচিব জনাব উজ্জ্বল বিকাশ দত্ত মহোদয় সমীপে মডেলটি ব্যাপক হারে ইলিশ মাছ রক্ষায় প্রয়োগ করতে অনুরোধ জ্ঞাপন করি। পূর্ব থেকেই বিষয়টি রুটিন কাজের মতো চলছিল। তিনি জেলা প্রশাসক ও ইউএনওগণকে এ মডেলটি বাস্তবায়নের জন্য আধা-সরকারি পত্র দিলেন। শুরু হলো ২০১১ সাল থেকে নতুন দিগন্তপানে অভিযাত্রা। পরের সচিব মহোদয়গণ, জেলা প্রশাসক, ইউএনও, মৎস্য অধিদপ্তর আর পুলিশ বিভাগ নিজেদের সম্পৃক্ত করলেন ক্লান্তিহীন নিবেদনে।

বিন্দু বিন্দু জলের প্রক্ষপণে রংধনু। দেশি মাছ রক্ষা থেকে দুষ্প্রাপ্য ইলিশে। ফিরে আসছে বাঙালি আর ইলিশের কাব্যময় অতীত। মূল্য কমে এলে রচনা হবে আরও সমৃদ্ধ বাংলাদেশের। বিশ্বে প্রতিষ্ঠিত হয়েছে বাংলাদেশের একটি ভিন্নধারার ধারণা। এভাবে মোহনগঞ্জ আর কুড়িগ্রামের মতো মানুষ একতাবদ্ধ হবে একদিন– সারাদেশের দেশি মাছ রক্ষায়ও। বাংলাদেশ হবে বিশ্বের বিস্ময়।
আমার কথা আজ হয়েছে আমাদের কথা।

লেখক : পরিচালক (যুগ্মসচিব), বাংলাদেশ জুট মিলস্ করপোরেশন

কবিতাগুচ্ছ

মুশাররাত

শেষ সংখ্যা

আর কিছুদিন পরে একান্নজন মানুষ
ফিরে যাবে নিজেদের সময়ে
যে সময়টা তারা লিজ নিয়েছে জলমহালের মতো
নিয়ন্ত্রিত কাশ্মীরি স্বাধীনতায়– ঊনপঞ্চাশ অবধি
এইখানে তারা বসতো কিছুকাল
আর হাসতো বা সূর্যের আলোয় সেলফি তুলতো
এইখানে আড্ডা জমে উঠতো কোনো পানীয় ছাড়াই
জীবনের মতোই; তৃপ্ত হতে এক ফোঁটা জল বাকিই থেকে যায়
আর তের দিন পরে দেখা যাবে ক্ষণ!
ভূতুড়ে ভিশন গার্ডেন হবে নিঝুমপুরী
অথবা আরও বেশি কেউ আসবে
আসলে আসুক; ছায়া হারিয়ে মায়াই না হয় অদৃশ্যে থেকে যাবে।
তখন কিন্তু এই সময়টাই অলীক মনে হবে
বাগান বিলাসের তাণ্ডবরূপে
গোলাপের প্রেম অস্ফুটই থেকে যাবে
আর নাদিয়া কোমিনিচির মতো বাঁকানো তালগাছটা
ঘোলা পানিতেই সমাহিত হবে
সবুজ ঘাসের গালিচায় রাজকুমারীর মতো হেঁটে চলা
রাজহংসের দল অপেক্ষায় উৎকণ্ঠিত হবে না আর
তবু সুন্দর থেকে সুন্দরতম দিনের অপেক্ষায় ছাব্বিশে কিংবা
পঁচিশে ভাগ হয়ে থাকা আলাদা প্রাণগুলো
একই গোধূলির আলোয় দাঁড়িয়েছে শেষবার একসাথে
ছোঁয়া যায় যাকে পাওয়া হয় না জীবন নদীর বাঁকে।

স্বাধীনতা

তার কোনো নিজস্ব ভিটেমাটি নেই
নেই এক টুকরো বাগান যেখানে
সকাল হয় পর্তুলিকার রঙিন হাসিতে
অথবা কামিনীর মোহিনী গন্ধ ব্যর্থ যামিনী
সাজিয়ে রাখে ক্রন্দসীর জন্য
তার নিজস্ব কোনো পেয়ালাও নাই
কমলাষ্ঠ ছুঁয়ে যাতে উঠে আসে এক ফোঁটা
সবুজ চা বা ব্ল্যাক কফি, শব্দহীন
যেখানে তৃপ্তির চেয়ে ভদ্রতাই বেশি

তার কোনো সীমারেখা আদৌ নেই
নেই কোনো নো ম্যানস ল্যান্ড বা ভূমধ্যসোপান
সে পতঙ্গ বা প্রজাপতির মতো কিংবা
ধানক্ষেতের পাশে শহুরে আধুনিকার
মেদহীন দেহে সরু আলের মতো
যেখানে লাল ফ্রক পরে ঘাসফড়িং হয়ে
ছুটে চলে বালিকা
আদিগন্ত সবুজ শস্যক্ষেত বানিয়ে ফেলে
পৃথিবীর শ্রেষ্ঠ পতাকা আর লাল সবুজের আবডালে
আমরণ বেজে চলে বাংলাদেশের আবহসংগীত
‘এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম’...
এই তো আমার আনত নয়নে উদ্ধত স্বাধীনতা।

বন্ধু বা প্রেমিক

আমরা তখন অপরিহার্য ছিলাম পরস্পরের কাছে
বৈঠা আর নৌকার মতো
অথবা সূর্য আর ভোরের মতো
আমাদের প্রতিটা অনুভূতি ছিলো যমজ
তর্ক বিতর্কে অভিমানেরাও
অপেক্ষায় থাকতো নতুন আনন্দে আবার
হারিয়ে যেতে উচ্ছ্বসিত কোনো
পরিকল্পনায় বন্দী হয়ে।

দুজনার পেটভর্তি কথা গল্প হয়ে জমা থাকতো
নিজেদেরই শোনার অপেক্ষায়
থিয়েটারের নতুন নাটক বা ব্লক বাস্টারের নতুন ছবি
শহরে নতুন ওপেন হওয়া কোনো রেস্টুরেন্ট
আর টংঘরের চা ধোঁয়া ছড়াতো
আমরা না পৌঁছানো পর্যন্ত
জেমসের কনসার্টে গলা না বসা অবধি চিৎকার
তারায় তারায় রটিয়ে দিতাম আমাদের উচ্ছলতা
এক হয়ে যেতো তোমার আমার ভাবনা কতো
চিমটি কেটে জানান দিতাম টেলিপ্যাথি তার
আমাদের পঙ্খীরাজ জিগজ্যাগ করে
উড়ে চলতো প্রচণ্ড ভিড়ের রাজপথে
তোমার কাঁধের আশ্রয়ে নিশ্চিন্ত আমার চিবুক–
ঠিক যেমন ঘুমিয়ে থাকা শিশুর নির্ভরতার প্রতীক
তারপরও আমরা কখনও চুমু খাইনি
আমাদের মনে হয়নি সময় উপভোগের জন্য
ওসব অনিবার্য পরিণতি
তোমার হাত ধরে পাহাড়ে উঠেছি, যেন পনিটেলে
আটকে থাকা নিজস্ব কোনো হেয়ার ক্লিপ তুমি
আলসেমিতে কতদিন জড়িয়ে ধরেছি সবল
কোমরখানি, সে সবই ছিল আমাদের দ্বৈতশক্তির বার্তা
নিকলীর হাওড়ে হারাতে গিয়ে সাঁতরে ধরেছি
তোমার পা– ডুবতে গিয়েও ভেসে উঠেছি জীবনে
আমরা আমাদেরই হাত ধরে
কখনও মনে হয়নি আমাদের প্রেমে পড়া উচিৎ
মাঘের রাতে ফরেস্টের রেস্টহাউজে কেঁপেছি আমরা
এক কম্বলে মুড়ে, বানানো জ্বিনের কেচ্ছায়
উষ্ণতা খুঁজে নিয়েছি নিস্পাপে, নিখাঁদ বন্ধুতায়
চিকলীর পাড়ে বার-বি-কিউয়ে মেতেছি
আরও বন্ধুদের সাথে
আমার নরম করতল লুকিয়েছে কতকাল
তোমার গরম হাতের তালুতে
কখনও ভাবোনি সে হাত ধরেই রাখতে হবে
আমিও অবলীলায় ছাড়িয়ে নিয়ে হরিণের পিছে ছুটেছি

আজ যেন আমরা ক্লান্ত শার্দূল
আমাদের সবই সত্য ছিলো, কোথাও কি ছিলো ভুল!
আমরা কেন ভালো নেই কেউ বর্তমানে
আমাদের কি বলবার ছিলো কাউকে কিছু
আমাদের কি প্রয়োজন ছিলো কিছুটা সময় আরও
আর একটি পূর্ণিমা পেলে হয়তো বলা যেতো
হয়তো তখন বুঝতাম আমরা পৃথক সত্তা
'ভালোবাসি তোমাকে' বলে দিলেই হয়তো
পৃথক হতো না আমাদের পথটা।

অলীক

মোঃ আখতারুজ্জামান

গতকাল রাতে
মাঝরাতের একটু
আগে কিংবা পরে
তোমাকে মনে পড়ছিল খুব!

এবং ঠিক তখনই
চাঁদ ও আমি
শিউলি গাছের নিচে
একটি রেখায়।

এবং ঠিক তখনই
কুয়াশা আর জোছনার
কিংবা অন্যভাবে
জোছনা আর কুয়াশার
অস্পষ্ট নিমগ্নতায়!

আর আমি?
এক ফোঁটা বৃষ্টির অপেক্ষায়
তীব্র রৌদ্রে
আজন্ম পুড়ে যাই!

এবং ঠিক তখনই
একটা লোকাল ট্রেন
জরাজীর্ণ এক ও
একাকি প্লাটফরমে–
জেদি হুঁইসেল বাজিয়ে
কুয়াশা আর জোছনার
কিংবা জোছনা আর কুয়াশার
নিমগ্নতাকে পরিহাস করে।

গতকাল রাতে
তোমাকে মনে পড়ছিল খুব
মাঝরাতের একটু আগে
কিংবা পরে–

শুধু এই আমি ছাড়া
পৃথিবীর সকলেই সুখী!

মাঠ পেরোলেই কষ্ট শেষ

মোঃ রেজাউল ইসলাম

চৈত্রের খরা রোদ কিংবা হেমন্তের শেষ বিকেল
পশ্চিমের মাঠ থেকে পূর্বে– ঘর্মাক্ত শরীরের দৌড়
পূর্বের শেষ প্রান্তে শীতল ঝর্ণার ধারায়
সিক্ত করে কষ্টের ঘাম ধুয়ে ফেলা
একদিন, দুইদিন, তিনদিন প্রতিদিন–
এভাবে কেটে গেছে ছয়টি বছর
কত বড় মাঠ পেরোলাম,
কষ্টের শেষে বাড়ি ফিরব বলে।
বাড়ি ফেরা হয়নি।

ছাব্বিশে মার্চ

সুলতানা ইয়াসমীন

সাত সতেরো একুশ শেষে এলো ছাব্বিশ মার্চ
আমরা এখন কেমন আছি দেখতে কি তুই চাস?

ছাপ্পান্ন হাজার বর্গমাইলের ভিটেমাটি মোর
সুখেই আছি থাকবো তেমন কষ্ট কেন তোর!

মুজিবভূমে জন্ম মোদের তিনি জাতির পিতা
সোনার দেশে পুড়ছি এখন রাজাকারের চিতা।

বর্গী গেল,পাঠান গেছে, দূর করেছি পাকি
আমরা এখন নিজের করে আগামীকাল আঁকি।

রঙিন সুতায় স্বপ্ন ওড়াই মাটি করে চাষ
শ্রমিক যুবা সকল মিলে পুরছে দেশের আশ।

এই বাংলার আকাশ মাটি এই বাংলার জল,
এই বাংলার তৃণলতা বৃক্ষে যত ফল,

ঋণী কেবল এক মুজিবের জন্মক্ষণের কাছে
লক্ষ মুজিব জেগে আছে দেশ গড়ারই কাজে।

গর্ব করার আছে অনেক আছে অহংকার,
রেখে গেছেন জাতির পিতা স্বর্ণউত্তরাধিকার।

দিনবদলের সনদ আছে আমার দেশের হাতে,
উন্নয়নের ছোঁয়া সবাই অবাক চোখে দেখে।

স্বাধীন দেশে গর্বভরে আমার বসবাস
পায়ের তলে উর্বর ভূমি মাথায় নীলাকাশ।

দেশ মাতারই নরম কোলে শান্ত শুয়ে থাকি
স্মার্ট বাংলাদেশের স্বপ্ন চোখে আঁকি।

Energy Transition Pathway for Bangladesh

Nirod Chandra Mondal

Bangladesh's transition from a developing to a middle-income country has been characterized by its steady commitment to addressing climate change, expanding its energy supplies, and giving clean energy priority. We, under the leadership of Honorable Prime Minister Sheikh Hasina, have persisted in adopting renewable energy sources and cutting carbon emissions and are moving forward on a sustainable path despite major obstacles brought about by climate change and energy shortages, providing a model for other countries to imitate. The goal is now to ensure access to affordable and reliable electricity for all after achieving 100% electricity coverage in 2022.

Honorable Prime Minister Sheikh Hasina expressed her desire, "We hope to have 40% of our energy from renewable sources by 2041"in COP26. We recognize the need to make a transition to green energy and promote inclusive energy solutions considering its expanding population. Bangladesh pledges to reduce emissions by 27.56 MtCO2e below business as usual (BAU) levels by 2030 in its revised Nationally Determined Contributions (NDC), with a focus on the energy sector.

Bangladesh supports the phased removal of fossil fuel subsidies and has made significant strides towards increasing its capacity for renewable energy, both of which are in line with the objectives of the Paris Agreement. In addition, the nation is in favor of "Phasing Down" fossil fuel subsidies per the Glasgow Pact. As of now, 52 renewable energy projects totaling about 4000 MW already approved and the addition of 300 MW of solar capacity are examples of recent accomplishments. A further around 8000 MW of renewable energy projects are in various stages of approval.

Revision of policies and regulations is just one of the many steps the government is actively taking to support renewable energy projects through the Power Division. Our dedication to energy transformation is demonstrated by new initiatives like the new Renewable Energy Policy, the Solar Energy Roadmap and Renewable Energy Assessment. There are initiatives in place to support renewable energy sources, especially wind and solar power, as practical substitutes for fossil fuels in the commercial sector.

Now, the installed capacity of 1211 MW from renewable sources which is 4.14 % of the country's total energy mix. The government intends to increase rooftop solar installations and solar irrigation systems to reach its goal of increasing renewable energy capacity to 25000 MW by 2041. Increased efforts have been

made in recent years to promote wind and solar energy, making use of the nation's renewable resources, and adopting innovative technologies such as floating and bifacial solar installations. With a 40 MWp capacity now in use, Bangladesh is home to the largest rooftop solar system in the world.

The government developed the Solar Irrigation Roadmap in 2023, Mujib Climate Prosperity Plan and the Integrated Energy and Power Master Plan. All the plans emphasize on smooth Energy Transition.
It is mentionable that 45,000 solar irrigation systems will be installed by 2031 in water enormous areas of land. These will replace about 250,000 diesel operated pumps and will displace the consumption of 300,000 tons of diesel annually and will generate about 1000 MW Solar Energy.

Renewable energy policies promote sustainability and are consistent with national development goals, partnerships with neighboring nations playing an important role in regional energy projects. We support technology transfer measures to address the issues caused by its dense population and limited land availability, as evidenced by its involvement in regional grid integration projects and initiatives such as the Asia-Pacific Partnership on Clean Development and Climate (APPCDC).

Finally, Bangladesh emphasizes on regional collaboration among neighboring nations as well as critical support from development partners in achieving its renewable energy goals. Understanding the interconnectivity of energy systems and the need to solve environmental concerns collectively, Bangladesh actively interacts with neighboring countries such as India, Nepal, and Bhutan to promote renewable energy programs, using common resources and knowledge. However, our efforts are bolstered by significant support from development partners. We obtain access to critical financial resources, technical know-how, and innovative technology for scaling up its renewable energy projects through collaborations with foreign organizations and financing agencies. This assistance not only helps us overcome financial and technical challenges, but also supports the effective execution of the country's ambitious renewable energy strategy.

Bangladesh intends to accelerate its renewable energy transition with cooperation both from private organizations and development partners and promote regional stability and sustainable development, demonstrating the power of collaborative action in addressing common energy challenges and achieving shared goals such as energy security and environmental sustainability.

Author : Joint Secretary, Power Division

Arunoday: A Dream of moving forward without leaving anyone behind

Md. Kamal Hossain

As the Deputy Commissioner of Cox's Bazar, I had the opportunity to travel to France, Monaco, and Turkey with the then Chairman of BEZA, on the invitation of The World Free and Special Economic Zone Federation (FEMOZA). During the latter part of the trip, I visited Istanbul to see the Burcai Economic Zone established in 1961. Following the visit, I had a day to explore the city with colleagues. While others were planning to travel together, I asked my friend Monir, the Consul General in Istanbul, if there was an autism school nearby. Although Monir was stationed in Ankara for official work, he arranged a visit to the 'Tahum Autism School' with his office staff. I left the hotel promptly and reached Tahum Autism School within 20 minutes.

Upon arriving at the school gate, the security personnel opened it for us. Stepping inside felt like entering a beautiful aristocratic house, with a well-kept garden in front. In the center stood the bust of Mustafa Kemal Atatürk, the founder of modern Turkey. The school, known as 'Tahum Otija Vaki' in Turkish, was established in 2003. It primarily operates on foundation funding, government and private donations, and parental contributions. The school's mission is to provide early diagnosis and basic training for children with Autism Spectrum Disorders, with the goal of integrating them into mainstream society.

One of the school's objectives is the early identification of autistic children in Turkey, addressing their health, education, career choices, employment, and facilitating independent living, while meeting their specific needs. A teacher at the school explained to me the various activities. I couldn't help but think about 'Arunodaya' school, established for children with special needs in Cox's Bazar, built with great compassion. Are we able to care for our autistic children like they do?

Some classrooms in the school accommodate four students, while others accommodate two. Beside each classroom sat a young or middle-aged woman; I initially thought they might be mothers of the children, but they were actually teachers. They cared for the children as devotedly as mothers would, with ever-smiling faces, unperturbed by the children's diverse behaviors. They

meticulously monitored and recorded the children's behavior hourly, utilizing laptops and the internet to display pictures and cartoons for the children's benefit. Statistics indicate that out of Turkey's population of 80.81 million, approximately 9 million individuals, or about 12.4 percent, are disabled, with only 36.41 percent receiving education.

Similarly, in Bangladesh, around 16 million people suffer from various disabilities, comprising roughly 10 percent of the total population. According to a UNICEF report, 14 to 17.5 percent of Bangladesh's 10 million children are disabled, with 1 in every 160 children worldwide diagnosed with autism. These figures underscore the increasing number of disabled children and the pressing need to evaluate our readiness to provide treatment and proper care for them.

In my former workplace of Cox's Bazar, which has a total population of 2.29 million, there are 22,693 disabled individuals, including 16,731 men and 8,911 women, with 364 diagnosed with autism. Similar situations can be observed in other districts across Bangladesh, where the absence of institutions with Proper treatment and educational facilities for the large autistic population led to the establishment of the specialized 'Arunodoy' school by the district administration in 2019 during my tenure as Deputy Commissioner.

Arunoday, with its spacious two-story building, well-equipped classrooms, therapy center, medical facilities, gymnasium, conference room, library, open playground, and garden, serves as a hub for children with special needs in Cox's Bazar . The institution provides health, education, and other related services to children with special needs, along with long-term training programs for parents and caregivers, aimed at fostering the self-reliance of disabled children. In addition to education and therapy, Arunodoy offers music, entertainment, and sports activities.

In accordance with the Disability-Related Integrated Special Education Policy of 2019, the government aims to establish at least one school for children with disabilities in every district of the country, including upazilas. The significant contributions of Honorable Prime Minister daughter Mrs. Saima Wazed Hossain, an international autism expert and the Regional Director of the South-East Asia region of the World Health Organization, cannot be overlooked. Her efforts in policy formulation and public awareness regarding autism are invaluable.

The teachers of Arunodoy have received training from 'Prayas,' an institution for

children with special needs implemented by the Bangladesh Army, and have pursued further education in this field individually. I have personally visited the activities of 'Kalyani' in Mirpur and Prayas in Dhaka Cantoonment gaining insight into their efforts. The Bangladesh Army's commendable initiatives have contributed to the establishment of Arunoday in Cox's Bazar. Recently, the government has allocated approximately one acre of land at a nominal price for the permanent settlement of Arunoday. I express my deepest gratitude to the Honorable Prime Minister for her kind support.

Currently, around 250 children are enrolled at Arunodoy, receiving dedicated care from the district administration and teachers. Previously, parents from Cox's Bazar would send their children to Chittagong or Dhaka for treatment and education, but now they return to Cox's Bazar for the welfare of Arunodoy. Let every district city establish an Arunoday. District Administrators can take the initiative with the support of local resources, local and international NGOs, and the government. The main objective of the Sustainable Development Goals (SDGs) is not to leave anyone behind, but to develop inclusively, especially concerning special-needs children.

Recently, I had the opportunity to visit the Matarbari Ultra Super Coal fired Power Plant with my friends from the 111th Senior Staff Course. I seized the chance to bring them to see Arunodoy and its special children. These friends, holding high positions within the state system, will lead various sectors in the future. I hope they will remember Arunodoy and advocate for all special children nationwide. It is the responsibility of all of us to bring forth the infinite potential of these special children who have been left behind in the realization of the vision of the father of the nation, Bangabandhu's Sonar Bangla, and the government's aspirations for a Smart Bangladesh.

Author: Joint Secretary (Development), Local Government Division, Former Deputy Commissioner, Cox's Bazar.

Memorable Moments





111th Senior Staff Course Participants with respected Senior Secretary, MoPA; respected Rector & Course Management



111th Senior Staff Course Participants with respected Senior Secretary, MoPA; respected Rector & Course Management

Memorable Moments





Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments







Memorable Moments









The Daily

ACI ships first bacth of pharma to US subsidiary

STAR BUSINESS REPORT

Bangladeshi conglomerate ACI has compl... first ever shipment of pharmaceut... ACI Healthcare U...



প্রথমবার ওষুধ রপ্তানি এসিআই হেলথকেয়ারের



এসিআই হেলথকেয়ারের নতুন মাইলফলক

বাংলাদেশের স্বনামধন্য ব্যবসায়ী গ্রুপ এসিআই একটি নতুন মাইলফলক অর্জন করেছে। এসিআই হেলথকেয়ার থেকে এসিআইয়ের অধীন অনুমোদিত ফার্মাস্টির এসিআই ইনকরপোরেটেডে ওষুধ রপ্তানি এসিআই হেলথকেয়ার ইউএসএ, ইনকরপোরেটেডে ওষুধ রপ্তানি করেছে। এ অর্জন স্মরণীয় করে রাখতে সম্প্রতি ঢাকার হোটেল ... করেছে। এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে ... ডা. আবুল ...

THE NEWS TIMES



প্রথমবার ওষুধ রপ্তানি এসিআই হেলথকেয়ারের

দৈনিক



First-ever export of ACI pharma products

Financial Express

ACI begins direct drug export to US

TIMES REPORT

Advanced Chemical Industries Limited, commonly known as ACI, has made its first-ever direct export of pharmaceutical products from Bangladesh to the United States of America. The company said this at an event held in the capital on Thursday. The products were shipped from the US Food and Drug Administration-approved facility of ACI HealthCare Ltd in Narayanganj to the company's subsidiary in ACI Healthcare USA, Inc. M Mohibur Zaman, managing director and chief executive officer of ACI HealthCare Limited, said that ... scare USA was the first company in America. It is a ... pride that ACI is currently a ... in the US healthcare distri... m, he added. Abul Bashar Khurshid Alam, director general of Health Services, and Major General Mohammad Yousuf, director general at the Directorate General of Drug Administration, were present as special guests at the event.

ACI Group chairman M Anis Ud Dowla and managing director of ACI Ltd Arif Dowla were also present at the event.

It is the first time a Bangladeshi pharmaceutical company has been marketing, selling and distributing pharmaceuticals directly in the US market, said Md Wahad Hossain Siddiquee, ACI product manager. ACI HealthCare Limited, a sister concern of ACI, was established on February 18, 2013, to manufacture and market pharmaceutical products for regulated markets, especially in the USA.

ACI has been exporting pharmaceuticals to 50 countries and has product marketing approval from 15 countries.

ACI makes maiden export of pharmacy products to US

dailyobserver

Business Desk

ACI, one of the largest conglomerates in the country, has achieved a new milestone, completing the first ever export of pharmaceutical products to ACI's Subsidiary in America - ACI Healthcare USA, Inc. The products were shipped from US Food and Drug Administration (USFDA)-approved facility ... ACI Healthcare ...



এসিআই গ্রুপের নতুন মাইলফলক

এসিআই প্রথমবার ইউএসএফডিএ অনুমোদিত ফার্মাস্টি এসিআই হেলথকেয়ার লিমিটেড সোনারগাঁও, নারায়ণগঞ্জ থেকে এসিআই হেলথকেয়ারের মহাপরিচালক ডা. আবুল কাশেম মোহাম্মদ ... আনুষ্ঠানিক উদ্বোধন উপলক্ষে ... ঢাকার ... ৫ ফেব্রুয়ারি ... পরিচালক ... অনুষ্ঠানে ...

নয়া দিগন্ত



প্রথম ওষুধ রফতানি করল এসিআই

এসিআই প্রথমবার ইউএসএফডিএ অনুমোদিত ফাক্টরি এসিআই হেলথকেয়ার লিমিটেড সোনারগাঁও, নারায়ণগঞ্জ থেকে এসিআই এর অধীন এসিআই হেলথকেয়ার ইউএসএ, ইনকরপোরেটেডে ওষুধ রফতানি সম্পন্ন করেছে। এই অর্জনের সাথে সাথে এসিআই বিশ্ব বাজারে ...

প্রথমবার ফার্মাসিউটিক্যাল ওষুধ রফতানি করল এসিআই

NEWTab

ACI begins direct drug export to US



রপ্তানি হলো এসিআইয়ের ওষুধ

প্রথমবারের মতো এসিআই হেলথকেয়ারের ওষুধ রপ্তানি

এসিআই হেলথকেয়ার লিমিটেড থেকে এসিআই হেলথকেয়ার ইউএসএ, ইনকরপোরেটেডে ... এসিআই এর অধীন এসিআই হেলথকেয়ার ... বাংলাদেশের স্বনামধন্য ব্যবসায়ী গ্রুপ এসিআই একটি নতুন মাইলফলক অর্জন করেছে। এটি ... বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিতে ... এসিআই এর ইতিহাসে স্বর্ণাক্ষরে লেখা থাকবে এবং বাংলাদেশ ইউএসএফডিএ অনুমোদিত ফাক্টরি এসিআই ... এসিআই প্রথমবার ইউএসএফডিএ এর অধীন এসিআই হেলথকেয়ার ...





নামঃ এন জেড টেক্স গ্রুপ। এটি ১৯৮২ সালে পোশাক উৎপাদনের একটি ক্ষুদ্র পারিবারিক ব্যবসা হিসাবে শুরু হয়েছিল। গ্রুপ চেয়ারম্যান আল-হাজ মোঃ নুরুজ্জামান খান এটি শুরু করেছিলেন। এবং এর পর থেকে দ্রুত বহু-মাত্রিক সমষ্টিতে পরিণত হয়েছে। কারখানা আয়তন ২.৫ মিলিয়ন বর্গফুট / ২৩০k বর্গমিটার। বর্তমান কর্মচারী ৭০০০ জন।
ব্যবসা ইউনিটঃ এনজেড টেক্সটাইল লিমিটেড।
এনজেড ফ্যাব্রিক্স লিমিটেড।
এনজেড ডেনিম লিমিটেড।
এনজেড ডিওয়াই ফ্ল্যাক্স স্পিনিং লিমিটেড।
অবস্থানঃ ভুলতা, গাউছিয়া ইউনিয়ন, রূপগঞ্জ উপজেলা, নারায়ণগঞ্জ জেলা, বাংলাদেশ।



GroupNautika

think beyond the possible™

Our Companies

MES MARINE ELECTRONICS SERVICE · seasafe · TRISTAR SURVEYS LIMITED · INDASAFE WHERE SAFETY MATTERS · WESTERN FLEET SERVICES · MES GLOBAL

BEYOND MARINE · mes trading · SIGNALIUM · GNaut Technologies opc Empowering National Security

About the Company

GroupNautika is driven by optimism to bring about changes in the lives of people and the future generations. With our history beginning in 1987, our companies and subsidiaries are now present in 4 countries in two continents with a growing workforce that are working tirelessly to bring forward the latest technologies to our global customers. Our experience in multiple different domains, from marine engineering to civil construction, from Power Generation to Industrial Chemicals, has enabled us to handle complex projects that involves meticulous planning, efficient collaboration and timely implementation to provide absolute peace of mind to our customers and stakeholders.

Our Solutions

- Marine Navigation and Communication Systems
  Marine HP and LP Air Compressors
- Marine Propulsion and Power Generation
- Lifesaving and Fire Fighting Solutions
- Industrial Air Compressors, Pumps and Machineries
- Marine Pumps and Machineries
  Nitrogen and Oxygen Generators
- Satellite, Radio and Tactical Communication
- Maritime and Aeronautical Surveillance and Communication
- Perimeter and Intrusion Detection Systems & Surveillance and Security Solutions
- Optoelectronics Systems
- Maritime, Aviation and Defence Training and Simulation
- Industrial Minerals and Chemicals
  Industrial Power Generation
- Civil Constructions

Our Partners

FURUNO · WÄRTSILÄ · Raytheon Anschütz · HENSOLDT · TELERAD · JOTRON · COBHAM · AGR · Gardner Denver · TWIN DISC · THURAYA · KENWOOD · NOTUS · WASSP · H2O · ironpump · WISKA · STARLINK · ELMAN · SKIPPER · KODEN · RBR · SATIR · COLTRI · ARS comar · SAMYUNG · ZETRON · DeepVision · PENTAX · Quincy · HIMWE · JW · TAMAYA · POWERTRONIC · MWM · SCANPAC · BERG · BINOTOR · FPT · Alcatel-Lucent · BARRETT · Kubota · SEAS OF SOLUTIONS · BlueTraker

Contact Us

HEAD OFFICE :
Portland Sattar Tower (6th Floor),
1776 Strand Road Barek Building,
Agrabad C/A, Chattogram 4100,
Bangladesh.
+88 096 3801 1001-1006,
+88 02 3333 21 011

CORPORATE OFFICE :
Mobarak Saleha Heights APT-7A,
House No-30 CWN (A), Road No-42/43,
Gulshan-2, Dhaka-1212, Bangladesh.
+88 096 3801 1011-1016

SINGAPORE
10 Anson Road,
#10-11 International Plaza,
Singapore 079903
+65 9359 5877

UAE
M E S S G GENERAL TRADING CO. L.L.C
Office No. G01.672
Al Khabeesi Building 128.246
Al Khabeesi, Dubai, U.A.E
+971 56 252 4390

UK
284 Station Road,
Harrow,
UK, HA1 2EA

www.groupnautika.com

facebook.com/groupnautika

linkedin.com/groupnautika

SUPREME

SUPREME TEA



সুপ্রিম টি

হিমালয় ভ্যালীর সেরা পাতায় উৎকৃষ্ট চা

সর্বাধুনিক ফ্যাক্টরিতে প্রস্তুতকৃত হিমালয়কন্যা পঞ্চগড়ের বাছাইকৃত বাগানের সর্বোচ্চ মানসম্পন্ন পাতা নিশ্চিত করে আপনার প্রশান্তির চুমুক।

সুপ্রিম টি লিমিটেড
চকরাভিটা, জগদল, পঞ্চগড়
ই-মেইল: info@supremeglobal.co
ফোন: ০১৩২২৮৪৬৫৫৩



RICOH AUTHORIZED DISTRIBUTOR

SMS SMART MANAGED SERVICE

MPS (MANAGED PRINT SERVICE) is an outsource service for your organizational print, photocopy & scan related activities.



SMS BENEFITS OF PRINT SOFTWARE

- Cost recovery
- Sustainable
- Automation
- Secure

SMART PRINTING SOLUTIONS LTD.

CALL FOR PRICE +88 01730 701970

www.spslbd.com

ZEBRA CAPTURE YOUR EDGE

Print Confident.
Print Quality.
Print Zebra.



ZEBRA SOLUTIONS

- Warehouse / DC / Back of Store
- Retail Storefront
- Healthcare
- Manufacturing Plant




- Industrial Printers
- Card Printers
- Desktop Printers
- Mobile Printers
- Barcode Scanners
- Tablet / Mobile Computer

ZEBRA Registered Reseller

SMART PRINTING SOLUTIONS LTD.

CALL FOR PRICE +8801777 734155

www.spslbd.com



KAI ALTECH GROUP

KAI BANGLADESH ALUMINIUM LIMITED

ALTECH ALUMINIUM INDUSTRIES LIMITED

KAI-ALTECH CENTER, Plot # 01, Road # 05, Block # J, Baridhara, Dhaka-1212
Ph: +88-02-222280941, 02-8831152, Fax: +88-02-222281069, 02-222299110

Gtech-Net ZERO JV

Corporate Office:
Suite # 16-B, Navana Tower,
45 Gulshan South Avenue
(Circle-1), Dhaka-1212, Bangladesh
+88 02 8837724
gtechsolarone@gmail.com
www.gtechgroupbd.com

Exploring Sustainable Energy Solutions for the Future

